

145676 - খ্রিস্টমাস এর মৌসুমে প্রদত্ত মূল্যহ্রাস এর সুবিধা পেতে কাফেরদের উৎসবের দিনগুলোতে পোশাক ও অন্যান্য সামগ্রী ক্রয় করার বিধান

প্রশ্ন

অস্ট্রেলিয়াতে পোশাকাদি, আসবাবপত্র, ইলেক্ট্রনিক জিনিস-পত্র ইত্যাদি বিভিন্ন জিনিসের উপর বড় ধরনের ছাড় দেয়া হয়। বিশাল এই ছাড়ের সুবিধা পেতে আমার জন্য এগুলো ক্রয় করা কি জায়েয হবে; বছরের এই সময়টি ছাড়া অন্য সময় এই সুবিধা পাওয়া যায় না?

প্রিয় উত্তর

বিধর্মীদের উৎসবের মওসুমগুলোতে যেমন খ্রিস্টমাসে পোশাকাদি, আসবাবপত্র ইত্যাদি ক্রয় করতে কোন অসুবিধা নেই; এই শর্তে যে কোন মুসলিম এমন কিছু খরিদ করবে না যা দিয়ে তাদের উৎসব উদযাপনে সহযোগিতা করা হয় কিংবা তাদের উৎসব পালনের সাথে সাদৃশ্য অর্জিত হয়।

ইতিপূর্বে 69558 নং প্রশ্নোত্তরে উল্লেখ করা হয়েছে যে, বিধর্মীদের উৎসবগুলোতে কোন মুসলিম নিজের বিক্রয়কেন্দ্র খোলা রাখা দুইটি শর্ত সাপেক্ষে জায়েয হবে:

এক. বিধর্মীরা গুনাহর কাজে ব্যবহার করবে কিংবা তাদের উৎসব বাস্তবায়নে সহযোগিতা হবে এমন কিছু তাদের কাছে বিক্রি না করা।

দুই. যেসব জিনিস ব্যবহার করে মুসলমানেরা বিধর্মীদের সাথে সাদৃশ্য গ্রহণ করে এমন জিনিস মুসলমানদের কাছেও বিক্রি না করা।

মানুষ তার প্রয়োজনীয় জিনিসপত্র খরিদ করার বিষয়টি ব্যবসা করা ও বিপণীকেন্দ্র খোলার চেয়ে অনেক মামুলি। কারণ যে কোন জিনিস ক্রয় করার মূল বিধান হচ্ছে- বৈধতা। তাই কোন জিনিস ক্রয় করার সময়টি বিধর্মীদের উৎসবের সময়ে পড়ে গেলে তাতে অসুবিধা নেই।

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।